রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৪, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

নং ১৬.০০.০০০০.০০০.০০৪.৫৫.০০০১.২৬.২২১ তারিখ: ৫ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/২০ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

**প্রস্তাবনা।**—যেহেতু ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়িত 'প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন' শীর্ষক প্রকল্পের আওতায় নির্মিত মডেল মসজিদসমূহের ব্যবস্থাপনা মসৃণ, সাবলীল ও সুশৃঙ্খল হওয়া প্রয়োজন এবং

যেহেতু মডেল মসজিদসমূহের পরিচালনা, ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণের সামঞ্জস্য বিধান করা সমীচীন,

সেহেতু নিম্নরূপ **মডেল মসজিদ ব্যবস্থাপনা নীতিমালা,** ২০২৬ প্রণয়ন করা হলো।

১। **শিরোনাম ও প্রয়োগ।**—(১) এই নীতিমালা 'মডেল মসজিদ ব্যবস্থাপনা নীতিমালা, ২০২৬' নামে অভিহিত হবে।

(২) এ নীতিমালা ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রতিটি সিটি কর্পোরেশন, জেলা ও উপজেলায় নির্মিত মডেল মসজিদের জন্য অনুসরণীয় হবে।

(৩) এটি অবিলম্বে কার্যকর হবে।

২। **সংজ্ঞা: বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকলে, এই নীতিমালায় :—**

(ক) 'অনুচ্ছেদ', 'উপ-অনুচ্ছেদ' অর্থ যথাক্রমে এই নীতিমালার অনুচ্ছেদ বা উপ-অনুচ্ছেদ;

(খ) 'আচরণবিধি' অর্থ ইসলামিক ফাউন্ডেশন এর রাজস্ব জনবলের জন্য প্রযোজ্য আচরণবিধি;

(গ) 'কর্তৃপক্ষ' অর্থ ইসলামিক ফাউন্ডেশন কর্তৃপক্ষ;



মূল্য : টাকা ২০.০০

(ঘ) 'কমিটি' অর্থ অনুচ্ছেদ ৩-এ বর্ণিত মডেল মসজিদ ব্যবস্থাপনা কমিটি;

(ঙ) 'খতীব' অর্থ যিনি জুম'আ বা ঈদের সালাতে খুতবা দান করেন এবং উক্ত সালাত পরিচালনা করেন;

(চ) 'খাদিম' অর্থ যিনি সালাতে ইমামতি ও আযান দেয়া ব্যতীত মসজিদের রক্ষণাবেক্ষণ ও দৈনন্দিন কাজকর্মসহ সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ সম্পাদন করেন;

(ছ) 'পেশ ইমাম' অর্থ যিনি সালাত পরিচালনা করেন অথবা মসজিদে ইমামের দায়িত্ব পালন করেন;

(জ) 'প্রতিনিধি' অর্থ সভাপতি অথবা সদস্য কেউ অমুসলিম হলে তাঁর মনোনীত মুসলিম কর্মকর্তা বা প্রতিনিধি বা উপযুক্ত ব্যক্তি।

(ঝ) 'মসজিদ' অর্থ 'প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন' শীর্ষক প্রকল্পের আওতায় নির্মিত মডেল মসজিদ। তবে, ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র এ নীতিমালার আওতাভুক্ত নয়।

(ঞ) 'মসজিদে কর্মরত ব্যক্তি' অর্থ খতীব, পেশ ইমাম, মুয়াযযিন, খাদিম ও নিরাপত্তা প্রহরীকে বুঝাবে।

(ট) 'মুসল্লী' অর্থ মসজিদ এলাকার স্থায়ী/অস্থায়ী বাসিন্দাদের মধ্যে যারা নিয়মিত সালাত আদায় করেন।

(ঠ) 'মুয়াযযিন' অর্থ যিনি মসজিদে সালাতের আযান দেয়াসহ পেশ ইমামকে তাঁর দায়িত্ব পালনে সহযোগিতা করেন।

(ড) 'তফসিল' এ নীতিমালায় বর্ণিত তফসিল;

(ঢ) 'নিরাপত্তা প্রহরী' অর্থ মসজিদের নিরাপত্তার জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি;

(ণ) 'স্থানীয় কর্তৃপক্ষ' অর্থ সংশ্লিষ্ট বিভাগীয় প্রশাসন, জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন বা ইসলামিক ফাউন্ডেশনের মাঠ পর্যায়ের দপ্তর।

৩। মডেল মসজিদ ব্যবস্থাপনা কমিটি।— (১) প্রত্যেকটি মডেল মসজিদ ব্যবস্থাপনার জন্য একটি কমিটি থাকবে এবং মসজিদের অবস্থান অনুযায়ী এ ব্যবস্থাপনা কমিটি 'সিটি কর্পোরেশন মডেল মসজিদ ব্যবস্থাপনা কমিটি', 'জেলা মডেল মসজিদ ব্যবস্থাপনা কমিটি' এবং 'উপজেলা মডেল মসজিদ ব্যবস্থাপনা কমিটি' নামে অভিহিত হবে।

(২) মসজিদ ব্যবস্থাপনা কমিটি মসজিদ পরিচালনার ক্ষেত্রে সকল নির্বাহী ক্ষমতার অধিকারী হবে। উক্ত কমিটি কাজের সুবিধার্থে এক বা একাধিক উপ-কমিটি গঠন করতে পারবে।

(৩) প্রতি দুইমাসে একবার কমিটি সভায় মিলিত হবে। তবে বিশেষ প্রয়োজনে জরুরি সভা আহ্বান করা যাবে। সভাপতির লিখিত কিংবা মৌখিক নির্দেশে সদস্য সচিব সভা আহ্বান করবেন।

(৪) এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতি সভার কোরাম হিসেবে গণ্য হবে। কোরামের ভগ্নাংশের ক্ষেত্রে এক ধরতে হবে।

(৫) সভায় অংশগ্রহণের জন্য কমিটির সদস্যগণ কোনো ভাতা বা সম্মানী প্রাপ্য হবেন না।

৪। **সিটি কর্পোরেশন মডেল মসজিদ ব্যবস্থাপনা কমিটি:** (১) এ নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে 'সিটি কর্পোরেশন মডেল মসজিদ ব্যবস্থাপনা কমিটি' গঠিত হবে, যথা :—

| | | |
|---|---|---|
| (ক) | বিভাগীয় কমিশনার | সভাপতি |
| (খ) | পুলিশ কমিশনার | সদস্য |
| (গ) | মেয়রের প্রতিনিধি | সদস্য |
| (ঘ) | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | সদস্য |
| (ঙ) | বিদ্যুৎ বিভাগের সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান | সদস্য |
| (চ) | এমওইউ'র মাধ্যমে কোনো সরকারি দপ্তরের জমিতে নির্মিত মডেল মসজিদের ক্ষেত্রে উক্ত দপ্তর কর্তৃক মনোনীত একজন মুসলিম কর্মকর্তা/ ওয়াকফ সম্পত্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়াকফ এস্টেটের মুতাওয়াল্লী | সদস্য |
| (ছ) | বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত আলিয়া মাদ্রাসার একজন অধ্যক্ষ/ সুপার | সদস্য |
| (জ) | বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত কওমী মাদ্রাসার একজন অধ্যক্ষ/মুহতামিম | সদস্য |
| (ঝ) | বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত মুসলিম গণ্যমান্য বা দানশীল ব্যক্তি-০৪ জন | সদস্য |
| (ঞ) | পেশ ইমাম, সংশ্লিষ্ট মসজিদ | সদস্য |
| (ট) | পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বিভাগীয় কার্যালয় | সদস্য সচিব |

(২) উপ-অনুচ্ছেদ (১) এর দফা (ছ), (জ) ও (ঝ) এ উল্লিখিত সদস্যগণের মেয়াদ হবে মনোনয়নের তারিখ হতে ২ (দুই) বছর।

(৩) এ কমিটি কাজের সুবিধার্থে সদস্যদের মধ্য হতে একজনকে কোষাধ্যক্ষের দায়িত্ব প্রদান করতে পারবে এবং প্রয়োজনীয় উপ-কমিটি গঠন করতে পারবে।

৫। **জেলা মডেল মসজিদ ব্যবস্থাপনা কমিটি:** (১) এ নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে 'জেলা মডেল মসজিদ ব্যবস্থাপনা কমিটি' গঠিত হবে, যথা :—

| | | |
|---|---|---|
| (ক) | জেলা প্রশাসক | সভাপতি |
| (খ) | পুলিশ সুপার | সদস্য |
| (গ) | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ | সদস্য |
| (ঘ) | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ | সদস্য |
| (ঙ) | বিদ্যুৎ বিভাগের জেলা পর্যায়ের কর্মকর্তা | সদস্য |
| (চ) | মেয়রের প্রতিনিধি | সদস্য |
| (ছ) | এমওইউ'র মাধ্যমে কোনো সরকারি দপ্তরের জমিতে নির্মিত মডেল মসজিদের ক্ষেত্রে উক্ত দপ্তর কর্তৃক মনোনীত একজন মুসলিম কর্মকর্তা/ওয়াকফ সম্পত্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়াকফ এস্টেটের মুতাওয়াল্লী | সদস্য |
| (জ) | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত আলিয়া মাদ্রাসার একজন অধ্যক্ষ/ মুহতামিম | সদস্য |
| (ঝ) | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত কওমী মাদ্রাসার একজন অধ্যক্ষ/সুপার | সদস্য |

| | | |
|---|---|---|
| (ঞ) | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত মুসলিম গণ্যমান্য বা দানশীল ব্যক্তি-০৪ জন | সদস্য |
| (ট) | পেশ ইমাম, সংশ্লিষ্ট মসজিদ | সদস্য |
| (ঠ) | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, জেলা কার্যালয় | সদস্য সচিব |

(২) উপ-অনুচ্ছেদ (১) এর দফা (জ), (ঝ) ও (ঞ) এ উল্লিখিত সদস্যগণের মেয়াদ হবে মনোনয়নের তারিখ হতে ২ (দুই) বছর।

(৩) এ কমিটি কাজের সুবিধার্থে সদস্যদের মধ্য হতে একজনকে কোষাধ্যক্ষের দায়িত্ব প্রদান করতে পারবে এবং প্রয়োজনীয় উপ-কমিটি গঠন করতে পারবে।

৬। **উপজেলা মডেল মসজিদ ব্যবস্থাপনা কমিটি:** (১) এ নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে 'উপজেলা মডেল মসজিদ ব্যবস্থাপনা কমিটি' গঠিত হবে, যথা :—

| | | |
|---|---|---|
| (ক) | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| (খ) | মেয়র বা তাঁর প্রতিনিধি (যদি থাকে) | সদস্য |
| (গ) | উপ-বিভাগীয় প্রকৌশলী, সংশ্লিষ্ট গণপূর্ত উপবিভাগ | সদস্য |
| (ঘ) | অফিসার ইনচার্জ (সংশ্লিষ্ট থানা) | সদস্য |
| (ঙ) | উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| (চ) | বিদ্যুৎ বিভাগের উপজেলা পর্যায়ের কর্মকর্তা | সদস্য |
| (ছ) | এমওইউ'র মাধ্যমে কোনো সরকারি দপ্তরের জমিতে নির্মিত মডেল মসজিদের ক্ষেত্রে উক্ত দপ্তর কর্তৃক মনোনীত একজন মুসলিম কর্মকর্তা/ ওয়াকফ সম্পত্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়াকফ এস্টেটের মুতাওয়াল্লী | সদস্য |
| (জ) | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত আলিয়া মাদ্রাসার একজন অধ্যক্ষ/মুহতামিম | সদস্য |
| (ঝ) | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত কওমী মাদ্রাসার একজন অধ্যক্ষ/সুপার | সদস্য |
| (ঞ) | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত মুসলিম গণ্যমান্য বা দানশীল ব্যক্তি-০৪ জন | সদস্য |
| (ট) | পেশ ইমাম, সংশ্লিষ্ট মসজিদ | সদস্য |
| (ঠ) | সহকারী পরিচালক/ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য সচিব |

(২) উপ-অনুচ্ছেদ (১) এর দফা (জ), (ঝ) ও (ঞ) এ উল্লিখিত সদস্যগণের মেয়াদ হবে মনোনয়নের তারিখ হতে ২ (দুই) বছর।

(৩) এ কমিটি কাজের সুবিধার্থে সদস্যদের মধ্য হতে একজনকে কোষাধ্যক্ষের দায়িত্ব প্রদান করতে পারবে এবং প্রয়োজনীয় উপ-কমিটি গঠন করতে পারবে।

৭। **মডেল মসজিদ ব্যবস্থাপনা কমিটির কার্যাবলি:** মডেল মসজিদ ব্যবস্থাপনা কমিটির কার্যাবলি হবে নিম্নরূপ, যথা :—

(ক) মসজিদে জুম'আর সালাত, প্রাক-খুতবা ও খুতবা, প্রাত্যহিক পাঁচ ওয়াক্ত সালাত, ঈদুল ফিতর ও ঈদুল আযহার সালাত এবং জানাযার সালাতের আয়োজন করা;

(খ) মসজিদে পবিত্র কুরআন শিক্ষা, বয়স্ক শিক্ষা, হিফযখানা ও শিশুদের মক্তব শিক্ষার

ব্যবস্থা করা;

(গ) মসজিদের আয়-ব্যয়ের হিসাব, নগদ অর্থ, স্থাবর-অস্থাবর সম্পদ রক্ষণাবেক্ষণ ও তত্ত্বধান করা;

(ঘ) মসজিদের প্রয়োজনীয় উন্নয়ন ও সংস্কার সাধন;

(ঙ) মসজিদের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;

(চ) মসজিদের বাজেট প্রস্তুত করা;

(ছ) মসজিদের জনবল বাছাই ও নিয়োগ করা;

(জ) শিরক, বিদ'আত, অপসংস্কৃতি, মাদকাসক্তি, সন্ত্রাস, পরিবেশ দূষণ, জীববৈচিত্র্য সংরক্ষণ, গুজব, নারী নির্যাতন প্রতিরোধ প্রভৃতি বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রাক-খুতবা ও খুতবার ব্যবস্থা করা;

(ঝ) সভার কার্যবিবরণী ও হাজিরা সংরক্ষণ করা;

(ঞ) সরকার ঘোষিত বিশেষ দিবসসমূহে দোয়া, মোনাজাত এবং ধর্মীয় অনুষ্ঠান আয়োজন করা;

(ট) রমযান মাসে তারাবীহ সালাতের জন্য হাফেজ নিয়োগ ও তাদের আবাসনের ব্যবস্থা করা;

(ঠ) মসজিদের পবিত্রতা, শৃঙ্খলা, নিরাপত্তা ও পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করা;

(ড) মসজিদ ব্যবস্থাপনা কমিটির সভায় আয়-ব্যয়ের হিসাব উপস্থাপন করা;

(ঢ) মসজিদের বার্ষিক হিসাব নিরীক্ষা;

(ণ) মসজিদের আয়বর্ধক কার্যক্রম গ্রহণ করা;

(ত) মসজিদের যাবতীয় আয় অনধিক ০৭ (সাত) দিনের মধ্যে ব্যাংক হিসাবে জমা করা।

৮। **মসজিদ ব্যবস্থাপনা কমিটির সদস্যগণের পদত্যাগ, পদচ্যুতি ও শূন্যপদ পূরণ।**—(১) মডেল মসজিদ ব্যবস্থাপনা কমিটির সভাপতি কর্তৃক মনোনীত কোনো সদস্য :—

(ক) রাষ্ট্র ও সমাজ বিরোধী বা নৈতিক স্খলনজনিত বা মসজিদের স্বার্থ বিরোধী কোনো কাজ করলে মসজিদ ব্যবস্থাপনা কমিটি ক্ষেত্রমতে তাকে পদচ্যুত করতে পারবে। তবে, পদচ্যুত করার ক্ষেত্রে উক্ত সদস্যকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিতে হবে;

(খ) আদালত কর্তৃক চূড়ান্তভাবে ফৌজদারি কোনো অপরাধে দণ্ডিত হলে;

(গ) সভাপতি বরাবর লিখিতভাবে পদত্যাগ করলে কিংবা কোনো সদস্যের মেয়াদ পূর্ণ হলে তার পদ শূন্য হবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর (ক), (খ) ও (গ) অনুযায়ী সৃষ্ট শূন্যপদে সভাপতি অনতিবিলম্বে অনুরূপ সদস্য মনোনয়ন দিবেন।

৯। **মসজিদের জনবল।**—(১) মসজিদের জনবল হবে নিম্নরূপ :—

(ক) ইমাম/পেশ ইমাম;

(খ) মুয়াযযিন;

(গ) খাদিম;

(২) উক্ত পদসমূহে নিয়োগের জন্য তফসিলে বর্ণিত সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা ও অভিজ্ঞতা থাকতে হবে।

(৩) মসজিদ কমিটি নিজস্ব অর্থায়নে চুক্তিভিত্তিক খতীব, নিরাপত্তা প্রহরী এবং অন্যান্য প্রয়োজনীয় কর্মী নিয়োগ করতে পারবে।

(৪) সরকার প্রয়োজনে জনবলের সংখ্যা হ্রাস-বৃদ্ধি করতে পারবে।

১০। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধানসাপেক্ষে মসজিদের কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা যেতে পারে :

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(২) কোনো ব্যক্তিকে কোনো নির্দিষ্ট পদে নিয়োগ করা যাবে না যদি তজ্জন্য তার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

১১। **সরাসরি নিয়োগ।**—(১) মসজিদ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোনো পদে নিয়োগ করা যাবে না।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর উদ্দেশ্য পূরণকল্পে বাছাই কমিটি আবেদন দাখিলের জন্য কমপক্ষে ১৫ দিন সময় দিয়ে জাতীয় অথবা স্থানীয় একটি বাংলা পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করবে এবং সংশ্লিষ্ট মসজিদের নোটিশ বোর্ডে নিয়োগ বিজ্ঞপ্তি প্রদর্শন করবে। এরূপ নিয়োগ বিজ্ঞপ্তিতে পদের ভাতা বা সম্মানী ও অন্যান্য সুযোগ-সুবিধা উল্লেখ করতে হবে।

(৩) উপ-অনুচ্ছেদ (১) এর উদ্দেশ্য পূরণকল্পে বাছাই কমিটি তফসিলে উল্লিখিত বিধানসাপেক্ষে লিখিত ও মৌখিক পরীক্ষা, বা ক্ষেত্রমত, শুধু মৌখিক পরীক্ষার ভিত্তিতে সুপারিশ প্রণয়ন করবে। তবে ইমামের ক্ষেত্রে সহীহ কুরআন তিলাওয়াত, জুম'আর আলোচনা, খুতবা পাঠ এবং সালাতে ইমামতি ইত্যাদি বিষয়ে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করতে হবে।

(৪) মডেল মসজিদে কর্মরত কোনো ব্যক্তি একই সময়ে একাধিক রাজস্ব খাত হতে বেতন-ভাতা গ্রহণ করতে পারবেন না।

১২। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে মসজিদ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাবে;

(২) যদি কোনো ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।

১৩। **বাছাই কমিটি।**—(১) প্রত্যেক মসজিদের যেকোনো পদে নিয়োগ/পদোন্নতির জন্য ০৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট একটি বাছাই কমিটি থাকবে, যা নিম্নরূপ :—

| | | |
|---|---|---|
| (ক) | মডেল মসজিদ ব্যবস্থাপনা কমিটির সভাপতি | আহ্বায়ক |
| (খ) | পুলিশ কমিশনার/পুলিশ সুপার/থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| (গ) | কমিটির সভাপতি কর্তৃক মনোনীত আলিয়া মাদ্রাসার একজন অধ্যক্ষ/সুপার | সদস্য |
| (ঘ) | কমিটির সভাপতি কর্তৃক মনোনীত কওমী মাদ্রাসার একজন অধ্যক্ষ/মুহতামিম | সদস্য |
| (ঙ) | ইসলামিক ফাউন্ডেশনের বিভাগ/জেলা/উপজেলা কর্মকর্তা | সদস্য সচিব |

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীনে গঠিত বাছাই কমিটি সংশ্লিষ্ট পদের জন্য দরখাস্তকারী ব্যক্তিগণের বাছাই পরীক্ষা গ্রহণক্রমে মেধা তালিকা প্রস্তুত করে মসজিদ ব্যবস্থাপনা কমিটির নিকট প্রেরণ করবেন।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর অধীনে বাছাই কমিটি কর্তৃক প্রেরিত প্যানেলভুক্ত প্রার্থীদের মধ্য হতে মসজিদ ব্যবস্থাপনা কমিটি সংশ্লিষ্ট পদে মেধাক্রম অনুযায়ী প্রথম জনকে নিয়োগ প্রদান করবেন। তবে, মেধা তালিকার প্রথমজন যোগদান না করলে পর্যায়ক্রমে পরবর্তী জনকে বিবেচনায় নিতে হবে।

(৪) যেসকল স্থানে বিদ্যমান মসজিদের স্থলে মডেল মসজিদ নির্মাণ করা হয়েছে সেসকল মসজিদে জনবল নিয়োগের ক্ষেত্রে পূর্বের মসজিদে একাদিক্রমে ০৫ (পাঁচ) বছর কর্মরত ছিলেন এরূপ ব্যক্তিদেরকে অগ্রাধিকার দেওয়া যেতে পারে। এরূপক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

১৪। **নিয়োগপত্র প্রদান।**—মসজিদ ব্যবস্থাপনা কমিটি অনুচ্ছেদ ১৩(২) এর অধীনে গঠিত প্যানেল হতে মেধাক্রম অনুযায়ী সংশ্লিষ্ট পদে নিয়োগের শর্তাবলি (যেমন-ভাতা বা সম্মানী, দায়িত্বাবলি, চাকরি হতে অপসারণ বা চাকুরিচ্যুতি ইত্যাদি) উল্লেখ করে নিয়োগপত্র প্রদান করবেন। উক্ত নিয়োগপত্র কমিটির সভাপতি কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।

১৫। **মসজিদে কর্মরত জনবলের দায়িত্ব-কর্তব্য।**—এই নীতিমালা অনুযায়ী মসজিদে কর্মরত জনবলের মধ্যে :—

**(ক) খতীবের দায়িত্ব:**

(১) প্রতি শুক্রবারে জুম'আর সালাতের পূর্বে বয়ান ও খুৎবা প্রদানসহ জুম'আর সালাত পরিচালনা করা;

(২) কমিটির সিদ্ধান্ত মোতাবেক তারাবীহ্, ঈদ, ইস্তেস্কা সালাত পরিচালনা করা;

(৩) মুসল্লীদের বিভিন্ন মাসআলা-মাসায়েল ও ফতোয়া সংক্রান্ত প্রশ্নের জবাব দেওয়া;

(৪) ইলমে দ্বীন সংক্রান্ত নিয়মিত তাফসির, তা'লিম, দারস কোর্স বা মাহফিল পরিচালনা করা;

(৫) হজ্জ ও উমরাহ যাত্রী মুসল্লীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ দেওয়া;

(৬) সালাত আদায় ও শরিয়াহ প্রতিপালনে এলাকাবাসীকে উদ্বুদ্ধ করা;

**(খ) ইমাম/পেশ ইমামের দায়িত্ব:**

(১) দৈনিক পাঁচ ওয়াক্ত, ক্ষেত্রমত জুম'আ, জানাযা, তারাবী ও ঈদের সালাত পরিচালনা করা;

(২) মুসল্লীগণকে নিয়মিত সালাত, সাওম, হজ্জ, যাকাত, কুরআন তিলাওয়াতের তালীম দেওয়া;

(৩) কমিটির সহযোগিতায় ফাজিলতপূর্ণ বিভিন্ন দিবস/রজনী উপলক্ষ্যে যথোপযুক্ত বয়ান ও নসিহত করা;

(৪) কমিটির সহযোগিতায় নিয়মিত তাফসীর, দারসুল কুরআন, দারসুল হাদীস, ওয়াজ পরিচালনা করা;

(৫) মসজিদের পরিচ্ছন্নতা ও শৃঙ্খলা রক্ষার কাজে কমিটিকে সহযোগিতা করা;

(৬) মুয়াযযিন, খাদিম ও অধস্তনদের কাজ তদারকি করা এবং পরিলক্ষিত ব্যত্যয় সমাধান করা;

(৭) মসজিদের সম্পত্তির সুষ্ঠু ব্যবস্থাপনায় কমিটিকে সহযোগিতা করা;

(৮) মসজিদের মুয়াযযিন ও অধস্তনদের ছুটির আবেদনের বিষয়ে মতামত প্রদান করা;

(৯) দ্বীনের প্রচার-প্রসার এবং মুসল্লীর সংখ্যা বৃদ্ধির জন্য পদক্ষেপ গ্রহণ করা।

**(গ) মুয়াযযিনের দায়িত্ব:**

(১) সময়মত পাঁচ ওয়াক্ত ও জুম'আর সালাতের আযান-ইকামত দেওয়া ও সালাত পরিচালনায় ইমামকে সহযোগিতা করা;

(২) ইমামের ছুটি/অনুপস্থিতিতে সালাত পরিচালনা করা;

(৩) মসজিদের সম্পত্তি ব্যবস্থাপনায় কমিটিকে সহযোগিতা করা;

(৪) ঈদ, জুম'আ এবং কমিটির সিদ্ধান্ত মোতাবেক অন্যান্য ওয়াক্তে দান বাক্স পরিচালনা, সংগ্রহ ও সংরক্ষণ করা;

(৫) মুসল্লীদের নিকট হতে মাসিক দান সংগ্রহ, জমা এবং হিসাব সংরক্ষণে কমিটিকে সহায়তা করা।

**(ঘ) খাদিমের দায়িত্ব:**

(১) মসজিদের ওযু, গোসল ও এস্তেঞ্জার স্থানের সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করা;

(২) মুয়াযযিনের অনুপস্থিতিতে আযান দেওয়া ও সালাত পরিচালনায় ইমামকে সহযোগিতা করা;

(৩) মসজিদের মক্তব পরিচালনায় কমিটিকে সহযোগিতা করা;

(৪) মুসল্লীদের নিকট হতে মাসিক দান সংগ্রহ করা, হিসাব রাখা এবং দায়িত্বশীলের নিকট জমা প্রদান;

(৫) মসজিদের স্থাবর ও অস্থাবর সম্পত্তির ব্যবস্থাপনা এবং রক্ষণাবেক্ষণে কমিটিকে সহায়তা করা;

(৬) বিদ্যুৎ, গ্যাস ও অন্যান্য বিল সংগ্রহ, পরিশোধ এবং হিসাব রক্ষায় কমিটিকে সহযোগিতা করা;

(৭) জানাযা ও মৃতদেহ গোসলের স্থান পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং মৃতদেহ গোসল করানো।

**(ঙ) নিরাপত্তা প্রহরীর দায়িত্ব:**

(১) মসজিদের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা;

(২) লাইট, ফ্যান, পানির মোটর, পানির ট্যাপ ইত্যাদিসহ মসজিদের সম্পদের চুরিরোধে সতর্ক থাকা;

(৩) মসজিদ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা।

১৬। **মসজিদে কর্মরত জনবলের সাধারণ করণীয় :** মসজিদে কর্মরত জনবলের সাধারণ করণীয় হবে নিম্নরূপ :

(১) মসজিদের আমানতদার হিসেবে কাজ করা;

(২) কোনো রাজনৈতিক দলের কার্যক্রমে সক্রিয়ভাবে অংশগ্রহণ না করা;

(৩) বিশ্বস্ততা, সততা, পরহেজগারী ও আন্তরিকতার সাথে মসজিদের খেদমত করা;

(৪) অনুমোদিত ছুটি ব্যতীত কর্মস্থল ত্যাগ না করা;

১৭। **জনবলের সম্মানী :—** (১) মডেল মসজিদে কর্মরত ব্যক্তিদেরকে নিম্নোক্ত সারণীতে বর্ণিত পদের বিপরীতে উল্লিখিত সম্মানী প্রদান করা যেতে পারে :

| ক্রমিক নং | পদের নাম | সম্মানীর পরিমাণ (টাকা) |
|---|---|---|
| ১ | খতীব | চুক্তিভিত্তিক |
| ২ | পেশ ইমাম | ২০,০০০/- |
| ৩ | মুয়াযযিন | ১৫,০০০/- |
| ৪ | খাদিম | ১২,০০০/- |
| ৫ | নিরাপত্তা প্রহরী | চুক্তিভিত্তিক |

(২) যেসকল মডেল মসজিদের আর্থিক সঙ্গতি রয়েছে সেসকল মসজিদ কমিটি 'মসজিদ ব্যবস্থাপনা নীতিমালা, ২০২৫' অনুসারে সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লিখিত গ্রেডে বেতন-ভাতা প্রদান করতে পারবে :

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>পদের নাম</th><th>বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী)</th><th></th></tr>
<tr><td>১</td><td>খতীব</td><td>চুক্তিভিত্তিক</td><td rowspan="5">১০ (দশ) বছর পূর্তিতে পরবর্তী গ্রেডে উত্তীর্ণ হবে</td></tr>
<tr><td>২</td><td>ইমাম</td><td>গ্রেড-১০</td></tr>
<tr><td>৩</td><td>মুয়াযযিন</td><td>গ্রেড-১৬</td></tr>
<tr><td>৪</td><td>খাদিম</td><td>গ্রেড-১৮</td></tr>
<tr><td>৫</td><td>নিরাপত্তা প্রহরী</td><td>চুক্তিভিত্তিক</td></tr>
</table>

১৮। **উৎসব ভাতা**—ঈদ-উল-ফিতর ও ঈদ-উল-আযহা উদযাপনের জন্য এ নীতিমালার অনুচ্ছেদ ৯ এ বর্ণিত জনবলকে যেমাসে উৎসব অনুষ্ঠিত হবে তার অব্যবহিত পূর্বের মাসের সম্মানীর সমপরিমাণ উৎসব ভাতা দেয়া যাবে।

১৯। **মসজিদের তহবিল**।—**(**১) মসজিদের তহবিল ব্যবস্থাপনার জন্য যেকোনো শরীয়াহভিত্তিক পরিচালিত তফসিলী ব্যাংকে মসজিদের নামে একটি হিসাব থাকবে এবং মসজিদের সকল আয় উক্ত হিসাবে জমা হবে। মসজিদের যাবতীয় লেনদেন উক্ত হিসাবের মাধ্যমে পরিচালিত হবে।

(২) মসজিদ ব্যবস্থাপনা কমিটির সভাপতি, সদস্য-সচিব ও কোষাধ্যক্ষের স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হবে। তবে সভাপতিসহ যেকোনো দুইজনের স্বাক্ষরে টাকা উত্তোলন করা যাবে।

৩) কোষাধ্যক্ষ সকল প্রকার লেনদেনের যথাযথ লেজার, ক্যাশবহি ও বিল-ভাউচার প্রভৃতি সংরক্ষণ করবেন এবং যেকোনো সময় নিরীক্ষার জন্য প্রস্তুত রাখবেন।

২০। **মসজিদের আয়ের উৎস**।— মসজিদের আয়ের উৎসসমূহ নিম্নরূপ:

(ক) মসজিদ ব্যবস্থাপনা কমিটির সদস্য ও মুসল্লিদের নিয়মিত ও এককালীন দান;

(খ) দানবাক্সে দানকৃত অর্থ;

(গ) মসজিদের স্থাবর ও অস্থাবর সম্পত্তি হতে আয়;

(ঘ) সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠান, ব্যক্তি ও সংস্থা হতে প্রাপ্ত অনুদান ও মঞ্জুরি;

(ঙ) মসজিদের শরীয়াহভিত্তিক ব্যাংক হিসাবে জমাকৃত অর্থ হতে অর্জিত মুনাফা;

(চ) অন্যান্য।

২১। **মাসিক সঞ্চয়**।—(১) মসজিদ কমিটি মসজিদে কর্মরত ব্যক্তিগণের ভবিষ্যৎ কল্যাণের স্বার্থে তাদের বেতন হতে ৫% অর্থ কর্তন করবেন এবং এই কর্তনকৃত অর্থের সমপরিমাণ অর্থ মসজিদ তহবিল হতে প্রদান করে একত্রে তা কোনো শরীয়াহভিত্তিক ব্যাংক হিসাবে জমা রাখবেন। এই হিসাব সভাপতি/সম্পাদক ও কর্মরত সংশ্লিষ্ট ব্যক্তির যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। অবসর কিংবা চাকুরির সমাপনান্তে এই টাকা স্ব স্ব ব্যক্তিকে প্রাপ্যতানুযায়ী পরিশোধ করতে হবে। কোষাধ্যক্ষ এ হিসাব সংরক্ষণ করবেন। তবে, সরকারি কর্মচারীদের ন্যায় তাঁর জমাকৃত তহবিল হতে অগ্রীম উত্তোলন করতে পারবেন।

(২) চাকুরি সমাপনান্তে এককালীন সম্মাননা প্রদানের ব্যবস্থা থাকবে। এক্ষেত্রে কর্মরত ব্যক্তি উক্ত মসজিদে যত বছর কর্মরত ছিলেন তত মাসের মূলবেতনের সমান অর্থ প্রদান করা যেতে পারে।

২২। **ছুটি**।—মসজিদে কর্মরত ব্যক্তিগণ মসজিদ ব্যবস্থাপনা কমিটির অনুমোদনক্রমে—

(ক) প্রতিমাসে সর্বোচ্চ ৪দিন সাপ্তাহিক ছুটি ভোগ করতে পারবেন;

(খ) পঞ্জিকাবর্ষে সর্বমোট ২০ দিন নৈমিত্তিক ছুটি ভোগ করতে পারবেন; তবে একাদিক্রমে ১০ দিনের উর্ধ্বে নয়;

(গ) প্রতি ১২ দিনে ১ দিন অর্জিত ছুটি প্রাপ্য হবেন। এরূপ অর্জিত ছুটি ব্যক্তিগত, পারিবারিক ও চিকিৎসাজনিত কারণে এককালীন সর্বোচ্চ ৩০ দিন ভোগ করতে পারবেন। তিনি ছুটিকালীন সম্মানী প্রাপ্য হবেন।

২৩। **প্রশিক্ষণ**।—মসজিদ ব্যবস্থাপনা কমিটি কর্মরত ব্যক্তিগণের দক্ষতা ও যোগ্যতা বৃদ্ধির লক্ষ্যে সরকারি, বেসরকারি বা স্বীকৃত প্রতিষ্ঠানে প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করবেন। এরূপ প্রশিক্ষণকাল কর্মকাল হিসেবে গণ্য হবে।

২৪। **চাকুরির বৃত্তান্ত**।— মসজিদ ব্যবস্থাপনা কমিটি কর্মরত ব্যক্তিগণের জীবন-বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব, জাতীয় পরিচয়পত্রসহ সকল সনদের সত্যায়িত কপি পৃথক পৃথকভাবে সংরক্ষণ করবেন। ইমাম, মুয়াজ্জিন ও খাদিমদের তথ্যাবলি সংরক্ষণের জন্য পৃথক পৃথক চাকুরি বহি থাকবে। এরূপ চাকুরি বহিতে চাকুরির বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ করতে হবে এবং তা মসজিদ ব্যবস্থাপনা কমিটির সভাপতি কর্তৃক প্রতিপাদিত হতে হবে।

২৫। **পদত্যাগ**।—মসজিদে কর্মরত কোনো ব্যক্তি স্বেচ্ছায় পদত্যাগ করতে চাইলে নিজ স্বাক্ষরযুক্ত পদত্যাগপত্র মসজিদ ব্যবস্থাপনা কমিটির সভাপতির নিকট জমা দিবেন। মসজিদ ব্যবস্থাপনা কমিটির সভায় পদত্যাগপত্র গ্রহণ সংক্রান্ত সিদ্ধান্ত গৃহীত হবে।

২৬। **বদলি**।—প্রশাসনিক প্রয়োজনে কমিটির সুপারিশক্রমে বিভাগীয় কমিশনার বিভাগ/জেলার অভ্যন্তরে আন্তঃবদলি করতে পারবেন।

২৭। **আচরণ ও শৃঙ্খলা**।—ইসলামিক ফাউন্ডেশন এর রাজস্ব জনবলের জন্য প্রযোজ্য আচরণবিধি এই প্রকল্পে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রযোজ্য হবে।

২৮। **চাকুরিচ্যুতি**।—এই নীতিমালা বা নিয়োগপত্রের কোনো শর্ত ভঙ্গ করার কারণে মসজিদে কর্মরত যেকোনো ব্যক্তিকে কমিটি চাকুরিচ্যুত করতে পারবে। তবে উক্তরূপ সিদ্ধান্ত গ্রহণের পূর্বে অভিযুক্ত ব্যক্তিকে তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিতে হবে।

২৯। **ইসলামিক ফাউন্ডেশনের অধীনে পরিচালিত কার্যক্রম স্থানান্তর**।—(১) ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের ফিল্ড অফিসার ও মডেল কেয়ারটেকারবৃন্দ তাদের দপ্তর মডেল মসজিদে স্থানান্তর করবেন। এসকল কর্মকর্তা মডেল মসজিদের পরিচালনা ও ব্যবস্থাপনা সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

(২) ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক স্থাপিত জেলা ও উপজেলা মডেল মসজিদ পাঠাগার ও রিসোর্স সেন্টার মডেল মসজিদে স্থানান্তরিত হবে। স্থানান্তরিত এসকল পাঠাগার ও রিসোর্স সেন্টারের জনবলের সম্মানীসহ যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট প্রকল্প থেকে প্রকল্প দলিলের বিধান অনুযায়ী সংস্থান করতে হবে।

(৩) মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের আওতায় পরিচালিত প্রাক-প্রাথমিক, সহজ কুরআন শিক্ষা (শিশু-কিশোর) এবং সহজ কুরআন শিক্ষা (বয়স্ক) শিরোনামের শিক্ষাকেন্দ্র থেকে কমপক্ষে একটি করে শিক্ষাকেন্দ্র সিটি কর্পোরেশন/জেলা/উপজেলা পর্যায়ের মডেল মসজিদে স্থানান্তরিত হবে। এসকল স্থানান্তরিত শিক্ষা কেন্দ্রের জনবলের সম্মানীসহ যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট প্রকল্প থেকে প্রকল্প দলিলে বরাদ্দের সংস্থান অনুযায়ী নির্বাহ করতে হবে।

(৪) প্রকল্পের মেয়াদ শেষে ইসলামিক ফাউন্ডেশনের নির্দেশনা অনুযায়ী সার্বিক কার্যক্রম পরিচালিত হবে।

৩০। **বিরোধ নিষ্পত্তি ইত্যাদি।**—(১) উপজেলা মডেল মসজিদের বিরোধ ও আপিল আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক ও ইসলামিক ফাউন্ডেশনের জেলা কর্মকর্তা এবং জেলার ক্ষেত্রে বিভাগীয় কমিশনার ও ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয় কর্মকর্তা আপিল ও বিরোধ নিষ্পত্তি কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করবেন।

(২) পনেরো দিনের মধ্যে বিরোধ নিষ্পত্তি/আপিলের আবেদন করতে হবে এবং এক মাসের মধ্যে তা নিষ্পত্তি করতে হবে।

**৩১। রহিতকরণ ও হেফাজত ।—(১)** এই নীতিমালা কার্যকর হওয়ার অব্যবহিত পর 'জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা, ২০২১' রহিত হবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও রহিত নীতিমালার অধীন—

(ক) কৃত কোনো কার্য, গৃহীত কোনো ব্যবস্থা বা চলমান কোনো কার্য এই নীতিমালার অধীন কৃত, গৃহীত বা চলমান বলে গণ্য হবে;

(খ) জারীকৃত কোনো প্রজ্ঞাপন, প্রদত্ত কোনো আদেশ, বিজ্ঞপ্তি, আইন ও নীতিমালার ব্যাখ্যা, নির্দেশ এই নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই নীতিমালার অধীন জারীকৃত বা প্রদত্ত বলে গণ্য হবে; এবং

(গ) দায়েরকৃত কোনো অভিযোগ, আপিল বা মামলা অথবা সূচিত কোনো কার্যধারা অনিষ্পন্ন থাকলে তা রহিত নীতিমালার অধীন এমনভাবে নিষ্পন্ন করতে হবে, যেন এই নীতিমালা জারি করা হয়নি।

**৩২। নীতিমালার ব্যাখ্যা, প্রভৃতি।**—(১) এই নীতিমালায় কোনো অসংগতি অথবা অসম্পূর্ণতা পরিলক্ষিত হলে বা ব্যাখ্যার প্রয়োজন হলে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে ইসলামিক ফাউন্ডেশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(২) এ সংক্রান্ত সময়ে সময়ে জারীকৃত নির্দেশাবলি এই নীতিমালার অংশ হিসেবে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুন্সী আলাউদ্দিন আল আজাদ,** এনডিসি
সচিব।

**তফসিল**

[ অনুচ্ছেদ ১০ দ্রষ্টব্য ]

মডেল মসজিদের পদসমূহে নিয়োগের জন্য সর্বনিম্ন যোগ্যতা ও অভিজ্ঞতা, সম্মানী

| ক্রমিক নং | পদের নাম ও সংখ্যা | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | খতীব (একজন) | (৬৫ বছরের উর্ধ্বে নয়) | চুক্তিভিত্তিক | **(ক) শিক্ষাগত যোগ্যতা:**<br>আলিয়া মাদ্রাসা হতে কমপক্ষে ২য় শ্রেণির কামিল অথবা আল-হাইআতুল উলইয়া লিল-জামিয়াতিল কওমিয়া বাংলাদেশ স্বীকৃত কোনো কওমী মাদ্রাসা হতে কমপক্ষে ২য় শ্রেণির দাওরায়ে হাদীস (তাকমীল) অথবা দাখিল ও আলিমসহ কোনো বিশ্ববিদ্যালয় হতে ইসলামী বিষয় বা আরবীতে ২য় শ্রেণির মাস্টার্স ডিগ্রি।<br>**(খ) অন্যান্য যোগ্যতা:**<br>১. ইসলামী জীবনাচরণে অভ্যস্ত;<br>২. বিশুদ্ধ কুরআন তিলাওয়াত ও তরজমায় পারদর্শিতা;<br>৩. আরবী ভাষায় পারদর্শিতা;<br>৪. ইসলামী বিষয় যথা-হাদীস, তাফসীর, ফিকাহ ইত্যাদি বিষয়ে গভীর জ্ঞান।<br>**(গ) অভিজ্ঞতা:**<br>১. কোনো মসজিদে সিনিয়র পেশ ইমাম অথবা পেশ ইমাম হিসেবে পাঁচ বছর ইমামতির অভিজ্ঞতা অথবা কোনো মাদ্রাসায় মুহাদ্দিস, ফকীহ, আদীব বা সমমানের পদে অথবা কোনো কলেজ বা বিশ্ববিদ্যালয়ের ইসলামী বিষয়ে বা আরবীতে সহকারী অধ্যাপক হিসেবে অন্যূন পাঁচ বছরের অভিজ্ঞতা; |

| ক্রমিক নং | পদের নাম ও সংখ্যা | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| | | | | **(ঘ) অন্যান্য শর্তাবলি:**<br>১. খতীব পদে নিয়োগ চুক্তিভিত্তিক হবে এবং উক্ত পদে নিয়োগের শর্তাবলি চুক্তির মাধ্যমে নির্ধারিত হবে;<br>২. হাফিযে কুরআন ও প্রশিক্ষণপ্রাপ্ত ইমামদের অগ্রাধিকার থাকবে। |
| ২ | পেশ ইমাম (একজন) | ৩৫ বছর | সরাসরি নিয়োগ বা পদোন্নতি | **(ক) শিক্ষাগত যোগ্যতা:**<br>আলিয়া মাদ্রাসা হতে কমপক্ষে ২য় শ্রেণির কামিল অথবা আল-হাইআতুল উলইয়া লিল-জামিয়াতিল কওমিয়া বাংলাদেশ স্বীকৃত কোনো কওমী মাদ্রাসা হতে কমপক্ষে ২য় শ্রেণির দাওরায়ে হাদীস (তাকমীল) অথবা দাখিল ও আলিমসহ কোনো বিশ্ববিদ্যালয় হতে ইসলামী বিষয় বা আরবীতে ২য় শ্রেণির মাস্টার্স ডিগ্রি।<br>**(খ) অন্যান্য যোগ্যতা:**<br>১. ইসলামী জীবনাচরণে অভ্যস্ততা;<br>২. বিশুদ্ধ কুরআন তিলাওয়াত ও তরজমায় পারদর্শিতা;<br>৩. আরবী ভাষায় পারদর্শিতা;<br>৪. ইসলামী শরীয়া বিষয়ে প্রয়োজনীয় জ্ঞান;<br>**(গ) অভিজ্ঞতা:**<br>১. কোনো মসজিদে কমপক্ষে দুই বছরের ইমামতির অভিজ্ঞতা;<br>২. হাফিযে কুরআন ও প্রশিক্ষণপ্রাপ্ত ইমামদের অগ্রাধিকার থাকবে। |

| ক্রমিক নং | পদের নাম ও সংখ্যা | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ৩ | মুয়াজ্জিন (১জন) | ৩২ বছর | সরাসরি নিয়োগ বা পদোন্নতি | **(ক) শিক্ষাগত যোগ্যতা:**<br>(ক) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে আলিম অথবা আল-হাইআতুল উলইয়া লিল-জামিয়াতিল কওমিয়া বাংলাদেশ স্বীকৃত কোনো কওমী মাদ্রাসা হতে কমপক্ষে সানাবিয়্যা উলইয়া অথবা দাখিলসহ উচ্চ মাধ্যমিক।<br>খ. হাফিয বা ক্বারী ও প্রশিক্ষণপ্রাপ্তদের অগ্রাধিকার থাকবে।<br>**(খ) অন্যান্য যোগ্যতা:**<br>১. ইসলামী জীবনাচরণে অভ্যস্ততা;<br>২. বিশুদ্ধ কুরআন তিলাওয়াত ও সুললিত কণ্ঠে আযান দেয়ায় পারদর্শিতা;<br>৩. ইসলাম ধর্মীয় বিষয়ে প্রয়োজনীয় জ্ঞান; |
| ৪ | খাদিম (৩জন) (পুরুষ ২ জন, নারী ১ জন) | ৩২ বছর | সরাসরি নিয়োগ | **(ক) শিক্ষাগত যোগ্যতা:**<br>(ক) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে দাখিল সমমান অথবা আল-হাইআতুল উলইয়া লিল-জামিয়াতিল কওমিয়া বাংলাদেশ স্বীকৃত কোনো কওমী মাদ্রাসা থেকে সানাবিয়্যা অথবা এসএসসি পাস;<br>**(খ) অন্যান্য যোগ্যতা:**<br>১. ইসলামী জীবনচরণে অভ্যস্ততা;<br>২. বিশুদ্ধ কুরআন তিলাওয়াত ও সুললিত কণ্ঠে আযান দেয়ায় পারদর্শিতা;<br>৩. ইসলাম ধর্মীয় বিষয়ে প্রয়োজনীয় জ্ঞান;<br>৪. শারীরিক সুস্থতা ও সবলতা।<br>(গ) **অভিজ্ঞতা:** মসজিদে খাদিম হিসেবে অভিজ্ঞতা অগ্রাধিকারযোগ্য। |

| ক্রমিক নং | পদের নাম ও সংখ্যা | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ৫ | নিরাপত্তা প্রহরী (১জন) | ৩২ বছর | চুক্তিভিত্তিক | (ক) অষ্টম শ্রেণি পাস;<br>(খ) বিশুদ্ধ কুরআন তিলাওয়াতে পারদর্শিতা;<br>(গ) ইসলামী জীবনাচরণে অভ্যস্ততা;<br>(ঘ) শারীরিক সুস্থতা ও সবলতা। |

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd